


🔳 আল-লাইল | Al-Lail | ٱللَّيْل

আয়াতঃ ৯২:8

আরবি মূল আয়াত:



নিশ্চয় তোমাদের কর্মপ্রচেষ্টা বিভিন্ন প্রকারের। — আল-বায়ান তোমাদের চেষ্টা সাধনা অবশ্যই বিভিন্নমুখী। — তাইসিরুল অবশ্যই তোমাদের কর্মপ্রচেষ্টা বিভিন্ন মুখী, — মুজিবুর রহমান Indeed, your efforts are diverse. — Sahih International

৪. নিশ্চয় তোমাদের কর্মপ্রচেষ্টা বিভিন্ন প্রকৃতির।(১)

(১) এ কথার জন্যই রাত ও দিন এবং নারী ও পুরুষের জন্মের কসম খাওয়া হয়েছে। এর তাৎপর্য এই হতে পারে যে, যেভাবে রাত ও দিন এবং পুরুষ ও নারী পরস্পর থেকে ভিন্ন ও বিপরীত ঠিক তেমনই তোমরা যেসব কর্মপ্রচেষ্টা চালাচ্ছে সেগুলোও বিভিন্ন ধরনের এবং বিপরীত। কেউ ভালো কাজ করে, আবার কেউ খারাপ কাজ করে। [ইবন কাসীর] হাদীসে আছে, "প্রত্যেক মানুষ সকাল বেলায় উঠে নিজেকে ব্যবসায়ে নিয়োজিত করে। অতঃপর কেউ এই ব্যবসায়ে সফলতা অর্জন করে এবং নিজেকে আখেরাতের আযাব থেকে মুক্ত করে; আবার কেউ নিজেকে ধ্বংস করে।" [মুসলিম: ২২৩]

তাফসীরে জাকারিয়া

৪। অবশ্যই তোমাদের কর্মপ্রচেষ্টা বিভিন্নমুখী। [1]

[1] অর্থাৎ, কেউ সৎকর্ম করে; সুতরাং তার প্রতিদান হবে জান্নাত। আর কেউ অসৎ কর্ম করে; আর তার পরিণাম হবে জাহান্নাম। এ আয়াতটি কসমের জবাব।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6062

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন